<u>তেরখাদা উপজেলা পরিষদের জুলাই/২৩ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণীঃ</u>

সভাপতি : মোঃ শহীদুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
তেরখাদা, খুলনা।

সভার তারিখ ও সময় : ২৬/০৭/২০২৩ খ্রিঃ, সকাল ১০.০০ ঘটিকা।
সভার স্থান :- উপজেলা পরিষদ মিলনায়তন, তেরখাদা, খুলনা।

<u>সভায় উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট - ক)</u>

সভার শুরুতে সভাপতি ও উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ শহীদুল ইসলাম, Zoom Video Conference এর মাধ্যমে সভায় যুক্ত খুলনা ৪ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব আব্দুস সালাম মূর্শেদী মহোদয়কে শুভেচ্ছা জানান এবং উপজেলা পর্যায়ের কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানদের শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে এ সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন ।

উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ আসাদুজ্জামান মহোদয় সভার কার্যক্রম পরিচালনা করেন। তিনি Zoom Video Conference এর মাধ্যমে যুক্ত মাননীয় সংসদ সদস্য জনাব আব্দুস সালাম মূর্শেদী মহোদয় এবং সকল জনপ্রতিনিধি ও সকল কর্মকর্তাদের শুভেচ্ছা জানান। তিনি মাননীয় সংসদ সদস্য মহোদয়কে সরকারি বিভিন্ন দপ্তরের কার্যক্রম অবহিত করেন। নির্বাহী অফিসার মহোদয় বলেন, মহোদয়ের নির্দেশনা মোতাবেক নতুন বাসস্টান্ডে ইটের সোলিং নির্মান সম্পন্ন হয়েছে । তিনি তেরখাদা উপজেলার উন্নয়নে বিভিন্ন বিষয়ে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ জানান।

অতঃপর সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। সভায় দপ্তর ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তাবলী গৃহীত হয়।

| ক্রঃ নং | বিভাগ/বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১. | সভা ও স্থায়ী কমিটি | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহোদয় সকল কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষন করতঃ বলেন, সভার নোটিশ প্রাপ্তির পর সভার কার্যপত্র প্রতি সভায় অবশ্যই দিতে হবে । কোন কর্মকর্তা উপজেলা পরিষদের বিভিন্ন সভায় উপস্থিত হতে না পারলে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আগেই অবহিত করতে হবে। যে সকল দপ্তর প্রধানগণ উপজেলা পরিষদের ১৭ টি স্থায়ী কমিটির সদস্য-সচিব তারা প্রতি দুই মাসে অন্তত একটি সভা আহবান করে উপজেলা পরিষদকে অবহিত করার ব্যাপারে তিনি অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, এ বিষয়ে একমত পোষন করে বলেন যে, প্রতি দুই মাস অন্তর নির্ধারিত তারিখে এ সকল সভা আহবান করতে হবে। তিনি সকল দপ্তর প্রধানদের নিয়মিত ১৭টি স্থায়ী কমিটির সভা করার আহবান জানান। | ১)পরিষদের সভার নোটিশ প্রাপ্তির পর সভার কার্যপত্র প্রনয়ন করতে হবে এবং সরকারি নীতিমালার আলোকে প্রতি দুই মাস অন্তর স্থায়ী কমিটির সভা অনুষ্ঠানের বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর প্রধান/ সদস্য সচিব ব্যবস্থা নিবেন। প্রথম ৯টি কমিটি প্রতি জোড় মাসে এবং পরবর্তী ৮টি কমিটি প্রতি বিজোড় মাসে সভা করবেন। | সকল দপ্তর প্রধানগণ, ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান |
| ০২ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করতঃ বলেন, উপজেলা পরিষদের অভ্যন্তরে অবস্থিত উপজেলা চেয়ারম্যানের বাস ভবন এবং উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবন সংস্কার করা প্রয়োজন। তিনি বলেন বিদ্যমান ভবনের সৌন্দর্য বর্ধনের জন্য দুটি ভবনেই রং করা প্রয়োজন। তিনি বলেন উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩(ক) অনুচ্ছেদে উপজেলা পরিষদ ভবন বাসাবাড়ি মেরামত/সংরক্ষন/রংকরন কাজ বাস্তবায়ন করা যাবে এবং এক অর্থ বছরে ১০.০০ (দশ) লক্ষ টাকার অধিক ব্যয় করা যাবে না । তিনি বলেন অদ্যকার সভায় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে আরএফকিউ পদ্ধতিতে বর্ণিত ভবন দুটি মেরামতের জন্য সিদ্ধান্ত গ্রহনের অনুরোধ জানান। | উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় উপজেলা পরিষদ চেয়ারম্যানের বাসভবনে ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা এবং উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয় এবং জরুরী ভিত্তিতে প্রকল্প দুটি আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, জুন-২৩ মাসে এ উপজেলায় সক্ষম দম্পতির সংখ্যা ২৬৫২৫, সর্বমোট পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা-২০,৬৭৪, পদ্ধতি গ্রহণকারীর হার (সিএআর)-৭৭.৯৪%, গর্ভবতী-৮৯৮ জন, অগ্রহণকারী-৪৯৫৩ জন। তিনি আরও বলেন, স্যাটেলাইট ক্লিনিক সংগঠনের মাধ্যমে এবং স্বাস্থ্য শিক্ষা কার্যক্রমের মাধ্যমে গ্রামে গ্রামে উদ্বুদ্ধকরণ চলমান রয়েছে। মাঠ পর্যায়ে সেবাগ্রহীতাদের এনালগ ডাটা রেজিস্টারের পরিবর্তে ট্যাবের মাধ্যমে ই-রেজিস্টারে রুপান্তরের কাজ চলমান রয়েছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৪ | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা বলেন, জুন-২৩ মাস পর্যন্ত পিডিবিএফ তেরখাদা, খুলনা দপ্তরে মোট সমিতি ১৪০ টি, সুফলভোগী সদস্য ভর্তি ১৪৭৬ জন, মোট ঋণী সদস্য ২২৯৪জন, মোট সঞ্চয় স্থিতি ৬৪৯.৯৮ লক্ষ টাকা, মোট ঋণ বিতরণ ২৯১.৮৯ লক্ষ টাকা, ঋণ আদায় ৩৮৮.৩৩ লক্ষ টাকা। মোট মাঠে পাওনা ঋণের পরিমান ২৭৯.৩ লক্ষ। মোট খেলাপী ১০১.৫০ লক্ষ টাকা। আদায়ের হার ৯৬%। তিনি মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ আদায়ের জন্য প্রশাসনিক সহায়তা কামনা করেন। | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয় এবং খেলাপী ঋণ আদায়ের জন্য ০৮টি সার্টিফিকেট মামলা দ্রুত নিষ্পত্তির জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা। |
| ০৫ | মহিলা বিষয়ক অধিদপ্তর | জনাব কে এম আলমগীর হোসেন, চেয়ারম্যান, ০২ নং বারাসাত ইউনিয়ন পরিষদ, তেরখাদা, খুলনা সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করতঃ বলেন, ভিডব্লিউবি ২০১৭-১৮ চক্রের আওতায় মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক চুক্তিবদ্ধ এনজিও "পথিকৃত" উপকারভোগী মহিলাদের সঞ্চয়ের আদায়কৃত ২৮,৭৫,৬০০/- টাকা আত্মসাৎ করে চলে যায়। উক্ত টাকা ফেরত না পাওয়ায় আমার ইউনিয়নে উপকারভোগী মহিলাদের মাঝে অসন্তোষ সৃষ্টি হয়েছে। আমি রাজনীতি করি আমার ও রাজনৈতিক প্রতিপক্ষ আছে। ভিডব্লিউবি সঞ্চয়ের টাকা ফেরত না পাওয়া পর্যন্ত ভিডব্লিউবি উপকারভোগী মহিলাদের স্ব স্ব হিসাব খোলা ও সঞ্চয়ের টাকা জমা নিতে ইচ্ছুক নই। এ বিষয়ে ০৫ নং তেরখাদা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব এফ এম অহিদুজ্জামান ০২ নং বারাসাত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব কে এম আলমগীর হোসেনের সহিত একমত পোষন করেন এবং বলেন সংশ্লিষ্ট সকল চেয়ারম্যান ভিডব্লিউবি উপকারভোগী মহিলাদের স্ব স্ব সঞ্চয় হিসাব খোলা ও সঞ্চয়ের অর্থ জমা নিতে ইচ্ছুক নয়। সভায় উপজেলা নির্বাহী অফিসার মহোদয় বিষয়টি বিস্তারিত ভাবে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তেরখাদা, খুলনা এর নিকট জানতে চান। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন, ০২ নং বারাসাত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব কে এম আলমগীর হোসেনের আনিত অভিযোগটি সত্য, ঘটনাটি ভিডব্লিউবি ২০১৭-১৮ চক্রের। উক্ত টাকা আদায়ের লক্ষ্যে সংশ্লিষ্ট এজিও এর বিরুদ্ধে মামলা করার জন্য বাজেট বরাদ্দ চাওয়া হয়েছে। বাজেট বরাদ্দ না থাকায় মামলা করা সম্ভব হচ্ছে না। ভিডব্লিউবি ২০২৩-২৪ চক্রের নীতিমালা অনুযায়ী উপকারভোগী স্ব স্ব হিসাবে সঞ্চয়ের টাকা জমা প্রদান পূর্বক খাদ্য শস্য প্রাপ্য হবেন। | উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট সকল চেয়ারম্যান ভিডব্লিউবি ২০২৩-২৪ চক্রের নীতিমালা অনুযায়ী স্ব স্ব হিসাব খোলা ও সঞ্চয়ের টাকা জমা নিতে সম্মত না হওয়ায় বিষয়টি উর্দ্ধতন কতৃপক্ষকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ০৬ | উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষন করত বলেন, উপজেলা সার্ভার ষ্টেশন ভার্টিক্যাল বা হরিজেন্টাল এক্সটেনশন অথবা অন্য কোন ভাবে সম্প্রসারনের জন্য নির্বাচন কমিশন, ঢাকা থেকে গত ০২/০৫/২০২৩ খ্রিঃ তারিখে ১৭.০০.০০০০.০২১.১৪.০০২.১৮.০৬ নং স্মারকে পত্রে নির্দেশনা প্রদান করেছেন। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী, এলজিইডি তেরখাদা জানিয়েছেন বিদ্যমান সার্ভার ষ্টেশনে ভার্টিক্যাল বা হরিজেন্টাল এক্সটেনশন সম্ভব নয়। তিনি বলেন বর্তমান ভবনের পাশে অবস্থিত পুরাতন জরাজীর্ন ভবনটি অপসারন পূর্বক জায়গা বরাদ্দ দিলে সার্ভার ষ্টেশন ভবন সম্প্রসারন করা যেতে পারে। তিনি এ বিষয়ে সভায় সিদ্ধান্ত গ্রহনের জন্য অনুরোধ জানান। | উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে বর্তমান সার্বার ষ্টেশন ভবনের পশ্চিম পার্শ্বে পাশে অবস্থিত পুরাতন জরাজীর্ন ভবনটি অপসারন পূর্বক উক্ত জায়গায় সার্ভার ষ্টেশন ভবন সম্প্রসারনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এবং উপজেলা নির্বাচন অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) : | ইউডিএফ সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করতঃ বলেন, বাংলাদেশ সরকার এবং জাইকার অর্থায়নে পরিচালিত স্থানীয় সরকার বিভাগের অধীনে সরাসরি বাস্তবায়নাধীন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) প্রকল্প পরিচালক মহোদয়ের ০৮.০৬.২০২৩ খ্রি. তারিখের পত্র যাহার স্মারক নং- ৪৬.৬০০.০০২.০০.০০.০৩৫ (৬).২০২২-৯৫১৩ মোতাবেক প্রকল্পের ৬ষ্ঠ ধাপে তেরখাদা উপজেলা মনোনীত হয়েছে। ৬ষ্ঠ পর্যায়ে মনোনীত হওয়ায় অবকাঠামো উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য ৪০,০০,০০০/- (চল্লিশ লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। এপ্রেক্ষিতে ইতিমধ্যে প্রকল্প বাছাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। প্রকল্প বাছাই কমিটির সভায় মনোনীত প্রকল্পসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহন করা হয় যে, সকল বিধি বিধান প্রতিপালন সাপেক্ষে স্বল্পতম সময়ের মধ্যে গৃহীত সকল অবকাঠামো উন্নয়ন উপ প্রকল্প প্রস্তাব প্রনয়ণ করে প্রয়োজনীয় সকল কাগজ-পত্র সহ অনুমোদন গ্রহনের জন্য ইউজিডিপি পিএমইউতে প্রেরণ করা হবে (বিস্তারিত বিবরণ সহ গৃহীত উন্নয়ন প্রকল্পের তালিকা সংযোজনী-গ দ্রষ্টব্য। | উপজেলা চেয়ারম্যান, ইউএনও, ভাইস চেয়ারম্যান, এনবিডি কর্মকর্তা, ইউডিএফ। |

আর্থিক ব্যয় সংক্রান্ত (উপজেলা পরিষদ রাজস্ব তহবিল) ঃ উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয় বলেন, জুন-২৩ মাসে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্নবর্নিত দৈনন্দিন ব্যয় এবং বিভিন্ন জরুরী প্রয়োজনীয় ব্যয় মিটানো হয়েছে যা এ সভায় অনুমোদনের প্রয়োজন।

| ক্রঃ নং | বিলের সংক্ষিপ্ত বিবরণ | টাকা |
|---|---|---|
| ১। | উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের মে-২৩ মাসের সম্মানী, বাড়ী ভাড়া ও ভ্রমন ভাতা প্রদান | ৫৪,৪৭৮/- |
| ২। | উপজেলা পরিষদের জীপ গাড়ির মে-২৩ মাসের জ্বালানী ব্যয় | ৩০,৬৫০/- |
| ৩। | উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানরে মে-২৩ মাসের সম্মানী ও ভ্রমন ভাতা প্রদান | ৩৩,৩০০/- |
| ৪। | উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যানরে মে/২৩ মাসের সম্মানী ও ভ্রমন ভাতা প্রদান | ৩৩,৮০০/- |
| ৫। | উপজেলা পরিষদে দৈনিক ভিত্তিতে কর্মরত মালীর মে-২৩ মাসের মজুরি প্রদান | ১৪,৩০০/- |
| ৬। | উপজেলা পরিষদে দৈনিক ভিত্তিতে কর্মরত পরিচ্ছন্নতাকর্মীর মে-২৩ মাসের মজুরি প্রদান | ১৪,৩০০/- |
| ৭। | উপজেলা পরিষদের মে-২৩ মাসের আপ্যায়ন ব্যয় বিল | ৩০,০০০/- |
| ৮। | উপজেলা পরিষদের মে-২৩ মাসের আনুষাঙ্গিক ব্যয় বিল | ৫,০০০/- |
| ৯। | উপজেলা পরিষদের জীপ গাড়ি মেরামত ব্যয় বিল | ২,৫৫,০০০/- |
| ১০। | উপজেলা পরিষদের জীপ গাড়ি মেরামত ব্যয় বিলের ভ্যাট প্রদান | ৩০,০০০/- |
| ১১। | উপজেলা পরিষদের জীপ গাড়ি মেরামত ব্যয় বিলের আয়কর প্রদান | ১৫,০০০/- |
| ১২। | উপজেলা পরিষদ চেয়ারম্যানের অফিস কক্ষের জন্য টিভি ক্রয় | ২৫,০০০/- |
| ১৩। | উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষের জন্য টিভি ক্রয় | ২৫,০০০/- |
| ১৪। | ২০২২-২৩এডিপি এর বিজ্ঞাপন বিল প্রদান | ১০,৮০০/- |
| ১৫। | ২০২২-২৩ এডিপি এর বিজ্ঞাপন বিল প্রদান | ৫,২৮০/- |
| ১৬। | উপজেলা পরিষদে দৈনিক ভিত্তিতে কর্মরত মালীর জুন-২৩ মাসের মজুরি প্রদান | ১৪,৩০০/- |
| ১৭। | উপজেলা পরিষদে দৈনিক ভিত্তিতে কর্মরত পরিচ্ছন্নতাকর্মীর জুন-২৩ মাসের মজুরি প্রদান | ১৪,৩০০/- |
| ১৮। | উপজেলা পরিষদের মেইন মিটার, পানির পাম্পপ এবং চেয়ারম্যানের কার্যালয়ের বকেয়া বিদ্যুৎ বিল প্রদান | ৩,২৪,৩০৩/- |

সিদ্ধান্ত ঃ উপর্যুক্ত বিল সমূহের ব্যয় সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা পূর্বক সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

সভাপতির বক্তব্য ঃ সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয় সকলকে সভায় উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। উপজেলার সকল উন্নয়ন মূলক কর্মকান্ড বাস্তবায়নের জন্য সকল কর্মকর্তা এবং জনপ্রতিনিধিদের এক সঙ্গে কাজ করার আহবান জানান। তিনি সকল দপ্তর প্রধানদের উপজেলা পরিষদ মাসিক সভায় নিয়মিত হাজির হওয়ার অনুরোধ জানিয়ে তাঁর বক্তব্য শেষ করেন।

অতঃ পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সম্মানিত সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ শহীদুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, তেরখাদা, খুলনা।
ও সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সভা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তেরখাদা, খুলনা।

স্মারক নম্বর- উনিঅ/তের/সভা/২০২২-৪৬২(৪০) তারিখঃ ২৬ জুলাই ২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ-

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, খুলনা-৪ ।নভেম্বর
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, খুলনা।
৪। জেলা প্রশাসক, খুলনা।

অবগতি ও কার্যার্থেঃ

৫। উপজেলা ..........................................................অফিসার, তেরখাদা, খুলনা।
৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তেরখাদা, খুলনা।
৭। চেয়ারম্যান, আজগড়া/ বারাসাত/ ছাগলাদাহ/ সাচিয়াদাহ/ তেরখাদা/ মধুপুর ইউনিয়ন পরিষদ, তেরখাদা, খুলনা।
৮। অফিস নথি।

২৬/৭/২৩

উপজেলা নির্বাহী অফিসার
তেরখাদা, খুলনা।

পরিশিষ্ট-ক

## সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ

সভার তারিখ- ২৬/০৭/২০২৩ খ্রিঃ সময়ঃ সকাল ১০.০০ ঘটিকা।

| ক্রঃ নং | সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ | কর্মকর্তার প্রতিনিধি বৃন্দ |
|---|---|---|
| ০১. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ তেরখাদা, খুলনা। | |
| ০২. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তেরখাদা, খুলনা। | |
| ০৩. | চেয়ারম্যান, ১নং আজগড়া ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৪. | চেয়ারম্যান, ২নং বারাসাত ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৫. | চেয়ারম্যান, ০৩নং ছাগলাদাহ ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৬. | চেয়ারম্যান, ৪নং সাচিয়াদহ ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৭. | চেয়ারম্যান, ৫নং তেরখাদা ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৮. | চেয়ারম্যান, ৬নং মধুপুর ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৯. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১০. | উপজেলা কৃষি অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ১১. | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১২. | উপজেলা প্রকৌশলী, তেরখাদা, খুলনা। | |
| ১৩. | উপজেলা শিক্ষা অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ১৪. | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), তেরখাদা, খুলনা | |
| ১৫. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১৬. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১৭. | উপজেলা সমাজসেবা অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ১৮. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তেরখাদা, খুলনা | |
| ১৯. | উপজেলা সমবায় অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ২০. | উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ২১. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তেরখাদা, খুলনা | |
| ২২. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তেরখাদা, খুলনা | |
| ২৩. | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ২৪. | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, তেরখাদা, খুলনা। | |
| ২৫. | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ২৬. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ২৭. | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, তেরখাদা, খুলনা | |
| ২৮. | উপজেলা নির্বাচন অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ২৯. | উপ-বিভাগীয় প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, তেরখাদা, খুলনা। | |
| ৩০. | ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, তেরখাদা, খুলনা | |
| ৩১. | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, তেরখাদা, খুলনা। | |
| ৩২. | তথ্য কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প। | |
| ৩৩. | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, তেরখাদা, খুলনা। | |

পরিশিষ্ট-খ

## সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ

১. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, তেরখাদা, খুলনা।
২. উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, তেরখাদা, খুলনা।
৩. ভারপ্রাপ্ত কর্মকর্তা, সরকারি খাদ্য গুদাম, তেরখাদা, খুলনা।
৪. উপজেলা সহকারী সেটেলমেন্ট অফিসার, তেরখাদা, খুলনা।
৫. সুপার ভাইজার, ইসলামিক ফাউন্ডেশন।
৬. ফরেস্টার, বন বিভাগ, তেরখাদা
৭. ইনচার্জ, পল্লী বিদ্যুৎ সমিতি, তেরখাদা।

# পরিশিষ্ট-"গ"

## ইউজিডিপি'র জন্য বাছাইকৃত অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প (অর্থ বছর : ২০২১-২২ খ্রি.)

### অগ্রাধিকারভিত্তিতে অবকাঠামো উন্নয়ন উপ প্রকল্পের তালিকা (অর্থ বছর : ২০২১-২২ খ্রি.):

| ক্র: নং | বিভাগ/অফিস | সাব প্রকল্পের নাম | সুবিধাভোগীর সংখ্যা | ইউনিট সংখ্যা | ভ্যাট/আইটি বাদে টাকা | সর্বমোট বাজেট (ভ্যাট/আইটি সহ) |
|---|---|---|---|---|---|---|
| ০১ | উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন সংক্রান্ত কমিটি | তেরখাদা উপজেলার চিত্রা নদীর উপর ৩৮ নং তেরখাদা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সন্নিকটে (তেরখাদা গ্রামের ঋষি পল্লীর মোড় হইতে কাচিকাটা মসজিদ মোড়ে) আয়রন ব্রীজ নির্মান। | ৬,০০০ জন | ০১ টি | ৩০,১১,০১৫ | ৩৩,৬৪,২৬৩ |
| ০২ | উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা সংক্রান্ত কমিটি | Supply of School Bench (High-Low) in Different Educational Institution of Terokhada Upazila, Khulna. | ৬,০০০ জন | ১৪২ জোড়া | ৯,৮৮,৯৮৪ | ১২,০৬,০৭৮ |
| সর্বমোট | | | ২২,৬৬৪ জন | ////////// | ৩৯,৯৯,৯৯৯ | ৪৫,৭০,৩৪১ |

২৬/৭/২৩

মোঃ আসাদুজ্জামান
উপজেলা নির্বাহী অফিসার
তেরখাদা, খুলনা।